



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. General Part-III Examination, 2020

বাংলা

চতুর্থ পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১ থেকে ৩ এর মধ্যে যে-কোনো একটি প্রশ্ন এবং  
৪ থেকে ৭ এর মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও এবং ৮নং প্রশ্ন আবশ্যিক।

- ১। নিম্নলিখিত যে-কোনো দশটি শব্দের বাংলা পরিভাষা লেখোঃ ১×১০=১০
- Annotation, Ambiguity, Bibliography, Chorus, Chronological, Dialect, Epic, Free Verse, Fable, Hypercritical, Irony, Imitation, Limerick, Metafiction, Maxim, Neo-realism, Refrain, Saga, Utopia, Wit.
- ২। নিম্নলিখিত যে-কোনো দুটির উদাহরণসহ সংজ্ঞা দাওঃ ৫×২=১০
- আদি স্বরাগম, সমাক্ষরলোপ, সংকর শব্দ, শব্দদ্বৈত, সুভাষণ, অভিশ্রুতি।
- ৩। নিম্নলিখিত অংশটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করোঃ ০.৫×২০=১০
- পূজা এসে পড়ল। এ-গাঁয়ে কোনো উৎসব নেই পুজোর, গরিবদের গাঁয়ে পুজো কে করবে ? দূর থেকে সত্রাজিৎপুরের বাঁড়ুজ্যে-বাড়ির ঢাক শুনেই গাঁয়ের মেয়েরা সন্তুষ্ট হয়। ভিন্ গাঁয়ে গিয়ে মেয়েদের পুজো দেখবার রীতি না থাকায় অনেকে দশ-পনেরো কি বিশ বছর দুর্গাপ্রতিমা পর্যন্ত দেখেনি। মেয়েদের জীবনে কোনো উৎসব-আমোদ নেই এ গাঁয়ে।

নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ১৫×২=৩০

- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করোঃ ১৫
- (ক) রবীন্দ্রনাথের উপন্যাস।  
(খ) সাহিত্য আন্দোলনে লিটল ম্যাগাজিনের ভূমিকা।  
(গ) মঙ্গলকাব্যের দেবদেবী।

অথবা

নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা করোঃ ১৫

- (ক) শিশুদের উপর সোশ্যাল মিডিয়ার প্রভাব।  
(খ) ফিরিয়ে দাও অরণ্য।  
(গ) রাজনীতি ও ছাত্রসমাজ।

- ৫। “কলকাতা চলচ্চিত্র উৎসব” বিষয়ে একজন বিখ্যাত অভিনেতার সঙ্গে একজন সাংবাদিকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করো। ১৫
- অথবা
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-এর একটি অনুষ্ঠান সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি রিপোর্ট রচনা করো। ১৫
- ৬। পরীক্ষার ফি-মকুবের জন্য আবেদন জানিয়ে মহাবিদ্যালয়ের অধ্যক্ষের কাছে একটি পত্র রচনা করো। ১৫
- অথবা
- তোমার এলাকায় দোকানঘর ভাড়া দেওয়ার জন্য সংবাদপত্রে প্রকাশের উপযুক্ত একটি বিজ্ঞাপন রচনা করো। ১৫
- ৭। নিম্নলিখিত যে-কোনো একটি অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করোঃ ১৫
- We need you, we need everyone of you to join us. Millions of hands must assist us in our ordeal against pollution. We have a secured trust. We must leave a greener and cleaner earth for the future generations. For we have just one earth in this entire universe. One single planet that has life on it.
- অথবা
- I consider that the great national sin is the neglect of the masses. No amount of politics would be of any avail until the masses in India are once-more-well-educated, well-fed and well-cared for. They pay for our education, they build our temples, but in return they get kicks. They are particularly our slaves. If we want to regenerate India, we must work for them. ১৫
- ৮। নীচের বানানগুলি সংশোধন করোঃ ১×১০=১০
- প্রতিযোগীতা, বাল্মিকী, ব্যবহার, স্বাস্থ্য, হরীনাম, সারথী, অস্ত্যসলীলা, সরৎচন্দ্র, বিদ্রহি, দূরিকরণ।

—×—

## (শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

৮। বিষয় ..... পত্র ..... ০.৫×২০=১০

নিম্নলিখিত মূলকপিটি দেখে এবং প্রুফ সংশোধনের যথাযথ চিহ্ন ও পদ্ধতি ব্যবহার করে প্রুফ কপি এবং সংশোধিত প্রুফ কপি উত্তরপত্রের সঙ্গে অবশ্যই যুক্ত করতে হবে। বিষয় এবং পত্র যথা স্থানে লিখতে হবে (কম করে ২০ টি বানান সংশোধন সঠিক হতে হবে):

## (মূল কপি)

আজ আমাদের অনেকেরই ঘুম ভেঙেছে। আমার বিশ্বাস এখন দেশে এমন একজনও ভারতবাসী নেই যে এই প্রাচীন পবিত্র মাতৃভূমির নষ্ট-গোরব, বিলুপ্ত-সন্মান পুনরুজ্জীবিত না দেখতে চায়। কিন্তু কেবল চাইলেই তো মেলে না, পারার উপায় করতে হয়। এই উপায়ের পথেই যত বাধা, যত বিঘ্ন, যত মতভেদ এবং এইখানেই একটা বস্তুকে আমি তোমাদের চিরজীবনের পরম সত্য বলে অবলম্বন করতে অনুরোধ করি। এ কেবল পরের অধিকারে হস্তক্ষেপ না করা। যার যা দাবী তাকে তা পেতে দাও। তা সে যেখানে এবং যারই হোক।

## (প্রুফ কপি)

আজ আমাদের অনেকের ইয়ুম ভেঙেছে। আমার বিশ্বাস এখন-দেশে এখনও একজন ভারতবাসী, নেই সে এই প্রাচীন পবিত্র মাতৃভূমির নষ্ট-গোরব বিলুত সন্মান পুরজীবিতনা দেখতে ছায় কিন্তুকে কেবল ত মেলে না, পারার করতে হয়। এ উপায়ের পথেইস সত বিঘ্ন সত যতভেদ এবক এইখানেই একট বসুকে আমি তো মাদের চীরজীবনের চরম সন্ত বলে অবলমন করতে অনুরোধ করি এ কেবল পরের অধিকারে হতক্ষেপনা করা। মার সা দাবীতা কেতা পেতে দাও তা যে সেখানে এবং সারই হোক।

—×—